গাইবান্ধায় মাদ্রাসা কক্ষে ছাত্রীকে ধর্ষণচেষ্টা, শিক্ষক আটক



ছবি: সংগৃহীত

গাইবান্ধার সাঘাটা উপজেলায় এক মাদ্রাসার ভেতরে এক শিক্ষার্থীকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে এক শিক্ষকের বিরুদ্ধে। এ ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চরম উত্তেজনা তৈরি হয় এবং স্থানীয়রা ওই শিক্ষককে আটক করে পুলিশে সোপর্দ করে।

শুক্রবার (৫ জুন) সকাল ১০টার দিকে উপজেলার বোনারপাড়ার ফুটানীর বাজার এলাকার জামিয়া কারমিয়া দারুল উলুম মাদ্রাসার অফিস কক্ষে ঘটনাটি ঘটে। খবর ছড়িয়ে পড়লে মুহূর্তের মধ্যেই সেখানে স্থানীয়রা জড়ো হন।

অভিযুক্ত শিক্ষক রবিউল ইসলাম প্রায় এক মাস আগে ওই মাদ্রাসায় যোগ দেন। তিনি গাইবান্ধা সদর উপজেলার বোয়ালিয়া গ্রামের নুরুল ইসলামের ছেলে।

স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানায়, অভিযুক্ত ব্যক্তি দীর্ঘ সময় ধরে ওই তরুণকে জোরাজুরি করছিলেন। সেখানে উপস্থিত হওয়া স্থানীয় কয়েকজনের নজরে এলে তাকে হাতেনাতে ধরা হয়।

স্থানীয় ইউপি সদস্য রতন মিয়া জানান, তিনি খবর পেয়ে ঘটনাস্থলে যান এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে এনে অভিযুক্ত শিক্ষককে পুলিশের কাছে হস্তান্তরের ব্যবস্থা করেন। সাঘাটা থানার পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত চলছে এবং আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

LENS ASIA